

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬ : ২১২

💵 আরবি মূল আয়াত:

إِنَّهُم عَنِ السَّمعِ لَمَعزُولُونَ ﴿٢١٢﴾؟

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয়ই তাদেরকে এর শ্রবণ থেকে আড়ালে রাখা হয়েছে। — আল-বায়ান
তাদেরকে এটা শোনা থেকে অবশ্যই দূরে রাখা হয়েছে। — তাইসিরুল
তাদেরকে শ্রবণের সুযোগ হতে দূরে রাখা হয়েছে। — মুজিবুর রহমান
Indeed they, from [its] hearing, are removed. — Sahih International

২১২. তাদেরকে তো শোনার সুযোগ হতে দূরে রাখা হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(২১২) অবশ্যই ওদেরকে শ্রবণ থেকে দূরে রাখা হয়েছে। [1]

[1] এই আয়াতসমূহে কুরআন যে শয়তানের হস্তক্ষেপ হতে সংরক্ষিত, তার বর্ণনা দেওয়া হয়েছে। প্রথমতঃ শয়তানের কুরআন নিয়ে অবতীর্ণ হওয়ার যোগ্যতাই নেই। কারণ তার উদ্দেশ্য হল, ফিৎনা-ফাসাদ ও নোংরামী প্রচার-প্রসার করা। পক্ষান্তরে কুরআনের উদ্দেশ্য হল কল্যাণ ও পুণ্যের আদেশ ও তার প্রচার-প্রসার করা এবং পাপ ও অন্যায়ের দরজা চিরতরে বন্ধ করা। অর্থাৎ, উভয়ের উদ্দেশ্য এক অপরের বিপরীত ও পরস্পর-বিরোধী। দ্বিতীয়তঃ শয়তান এর শক্তি রাখে না। তৃতীয়তঃ কুরআন অবতীর্ণ হওয়ার সময় শয়তানকে তা শোনা হতে দূরে ও বঞ্চিত রাখা হয়। আকাশে উদ্ধাসমূহকে তার প্রহরী হিসাবে সৃষ্টি করা হয়েছে। যখনই কোন শয়তান উপরে যাওয়ার চেষ্টা করে, তখনই এ সব উল্লা তার উপর বজ্রের ন্যায় আচমকা আঘাত হানে এবং তাকে পুড়িয়ে ছাই করে ফেলে। এভাবে মহান আল্লাহ কুরআন সংরক্ষণের বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3144

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন